

প্রথম আলো বৃহস্পতিবার

১৩ জুলাই ২০২৩, ২৯ আষাঢ় ১৪৩০, ২৪ জিলহজ ১৪৪৪



নর্থ সাউথ ইউনিভার্সিটির সমাবর্তন অনুষ্ঠানে এক শিক্ষার্থীকে পদক পরিবেশিত করেছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। গতকাল পূর্বাচলে বঙ্গবন্ধু বাংলাদেশ-চীন মৈত্রী প্রদর্শনী কেন্দ্রে। ছবি : সংগৃহীত

এনএসইউর সমাবর্তন জমকালো আয়োজনে ৭ হাজার শিক্ষার্থীর হাতে সনদ

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২৪তম সমাবর্তন অনুষ্ঠানে সাত হাজারের বেশি শিক্ষার্থীর হাতে সনদ তুলে দেওয়া হয়েছে। গতকাল বুধবার ঢাকার পূর্বাচলে বঙ্গবন্ধু বাংলাদেশ-চীন মৈত্রী প্রদর্শনী কেন্দ্রে জমকালো এ সমাবর্তনের আয়োজন করা হয়।

বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পক্ষে সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী দীপু মনি। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ভারতের পরিকল্পনা কমিশনের সাবেক ডেপুটি চেয়ারম্যান ও সেন্টার ফর সোশ্যাল অ্যান্ড ইকোনমিক প্রোগ্রামের সম্মানিত ফেলো মন্টেক এস আহলুওয়ালিয়া।

শিক্ষামন্ত্রী তাঁর বক্তব্যে অগ্রগতির জন্য শিক্ষার গুরুত্বের ওপর জোর দেন এবং অর্থনীতির জন্য মানসম্মত উচ্চশিক্ষার তাৎপর্য তুলে ধরেন। তিনি শিক্ষার্থীদের অভিনন্দন জানান এবং তাঁদের উজ্জ্বল ও সফল ভবিষ্যৎ কামনা করেন।

সমাবর্তন বক্তা আহলুওয়ালিয়া শিক্ষার্থীদের পেশাগত ভবিষ্যৎ চ্যালেঞ্জের জন্য প্রস্তুত থাকার জন্য উৎসাহিত করেন। তিনি তাঁদের আধুনিক বিশ্বের অর্থনীতিতে অবদান রাখার পরামর্শ দেন।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন এনএসইউর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জাতেদ মুনির আহমদ, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জুনায়েদ কামাল আহমদ ও এনএসইউর উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম। এ সময় ট্রাস্টি বোর্ডের সদস্য ইয়াসমিন কামাল ও শাহরিয়ার কামাল উপস্থিত ছিলেন।

স্থাপত্য বিভাগের সহযোগী অধ্যাপক মার্শাল শায়লা জোয়ার্দার স্বাগত বক্তব্য দেন। এতে ২০ মেধাবী শিক্ষার্থীকে চ্যান্সেলর স্বর্ণপদক ও ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক দেওয়া হয়।